তারিখ 19 DE[illegible]
পৃষ্ঠা 8 কলাম 2

ভোরের কাগজ

# সিদ্ধেশ্বরী স্কুলের সব ছাত্রীকে এসএসসি পরীক্ষার সুযোগদান বা সকল শিক্ষকের পদত্যাগ দাবি করেছেন অভিভাবকরা

কাগজ প্রতিবেদক : ঢাকা সিদ্ধেশ্বরী উচ্চ বালিকা বিদ্যালয়ের দশম শ্রেণীর ছাত্রীদের অভিভাবকরা সব ছাত্রীকে এসএসসি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ অথবা স্কুলের সব শিক্ষকের পদত্যাগ দাবি করেছেন। গত বৃহস্পতিবার প্রেসক্লাবে এক সংবাদ সম্মেলনে তারা এ দাবি জানান।

সংবাদ সম্মেলনে স্কুলের শিক্ষকদের দুর্নীতিবাজ আখ্যায়িত করে অভিভাবকরা বলেন, তাদের কাছে কোচিং না করায় ক্ষিপ্ত হয়ে শিক্ষকরা ছাত্রীদের টেস্ট পরীক্ষায় পাস করায়নি। শতাধিক ছাত্রীর জীবন নিয়ে তারা ছিনিমিনি খেলছে। অভিভাবকরা বলেন, অনেক ভাল ছাত্রীকে পরীক্ষায় অকৃতকার্য করিয়ে কয়েক বিষয়ে পরীক্ষা দেয়নি এমন ছাত্রীকেও টেস্ট পরীক্ষায় পাস করানো হয়েছে।